

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 16-03-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

ECI :

নির্বাচন কমিশন আজ লোকসভা নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করবে। নতুনদিল্লির বিজ্ঞান ভবনে বিকেলে এই ঘোষণা করা হবে। লোকসভা নির্বাচনের পাশাপাশি, কমিশন কিছু রাজ্যে বিধানসভা নির্বাচনের সময়সূচীও ঘোষণা করবে। উল্লেখ্য, চলতি বছরের ১৬ই জুন বর্তমান লোকসভার মেয়াদ শেষ হবে। আশা করা হচ্ছে, আগামী এপ্রিল ও মে মাসে কয়েকটি ধাপে ভোটগ্রহণ করা হবে।

এখনও পর্যন্ত, শাসক দল BJP ২৬৭ জন প্রার্থী ঘোষণা করেছে এবং প্রধান বিরোধী কংগ্রেস আসন্ন লোকসভা নির্বাচনের জন্য ৮২জন প্রার্থীর নাম ঘোষণা করেছে। বাম, টিএমসি, আম আদমি পার্টি এবং অন্যান্য কয়েকটি দলও বেশ কয়েকটি লোকসভা আসনের জন্য তাদের প্রার্থীদের নাম ঘোষণা করেছে।

Cabinet Minister:

মন্ত্রী হিসাবে দায়িত্ব নেওয়া অনিমেঘ দেববর্মা ও রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মার মধ্যে দপ্তর বন্টন করা হয়েছে। রাজ্য সরকারের পক্ষ থেকে জানানো হয় মন্ত্রী অনিমেঘ দেববর্মার হাতে থাকবে বন, বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ এবং সাধারণ প্রশাসনের মুদ্রণ ও স্টেশনারী বিভাগ।

অন্য দিকে রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা কে শিল্প ও বানিজ্য দপ্তরের দায়িত্ব দেওয়া হয়েছে ।

Election Commissioner :

অবসরপ্রাপ্ত IAS অফিসার জ্ঞানেশ কুমার এবং সুখবীর সিং সান্থু নির্বাচন কমিশনার হিসাবে দায়িত্বভার গ্রহণ করেছেন। উল্লেখ্য, অনুপ চন্দ্র পান্ডের অবসর গ্রহণ এবং অরুণ গোয়েলের পদত্যাগের পর দুই নির্বাচন কমিশনারের পদ শূন্য ছিল।

Health-press meet :

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীন জাতীয় পতঙ্গ বাহিত রোগ নিয়ন্ত্রণ প্রকল্পের উপর তিনদিন ব্যাপী আঞ্চলিক পর্যালোচনা মূলক আলোচনা সভার আজ শেষ দিন। গতকাল প্রজ্ঞা ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের জাতীয় পতঙ্গ বাহিত রোগ বিভাগের যুগ্ম সচিব রাজীব মাঁঝি রাজ্যে ম্যালেরিয়া, ডেঙ্গু, চিকনগুনিয়া ও জাপানি এনকেফেলাইটিস ইত্যাদি রোগ প্রতিরোধে আরো কি কি পদক্ষেপ নেওয়া যেতে পারে ও জনসাধারণের কাছে উন্নত স্বাস্থ্য পরিষেবা সঠিক সময়ে পৌঁছে দেবার বিষয়ে আলোকপাত করেন। সাংবাদিক সম্মেলনে জাতীয় স্বাস্থ্য মিশনের যুগ্ম অধিকর্তা বিনয় ভূষণ দাস কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের প্রতিনিধি দল আজ ও আগামীকাল দুদিন ধলাই জেলা সফর করবেন। তারা ম্যালেরিয়া রোগ প্রতিরোধে গৃহীত ব্যবস্থা খতিয়ে দেখবেন।

Agriculture Minister :

কৃষিমন্ত্রী রতনলাল নাথ গতকাল করবুকে কৃষি উন্নয়ন গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন করেন। এই কৃষি উন্নয়ন গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্র ভবনটি নির্মাণে ব্যয় হয়েছে ১ কোটি ৭০ লক্ষ ৫০ হাজার টাকা। তিনি শিলাছড়ি প্রাথমিক গ্রামীণ বাজারেরও উদ্বোধন করেন। এই বাজারটি নির্মাণে ব্যয় হয়েছে ৬০ লক্ষ টাকা। এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা, শিলাছড়ি ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান থৈঙ্গ মগ ও করবুক ব্লক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান প্রণব কুমার ত্রিপুরা।

Fishary Minister :

রাজ্য সরকারের প্রস্তাব অনুযায়ী ঊনকোটি জেলার সতেরোমিয়া হাউরে ইন্টিগ্রেটেড একুয়া পার্ক নির্মাণে কেন্দ্রীয় সরকার ৯৯ কোটি ৯৯ লক্ষ টাকার প্রকল্পের অনুমোদন দিয়েছে। মৎস্য মন্ত্রী সুধাংশু দাস গতকাল মহাকরণে সাংবাদিক সম্মেলনে এই সংবাদ জানিয়ে বলেন, কেন্দ্রীয় সরকার প্রধানমন্ত্রী মৎস্য সম্পদা যোজনার আওতায় এই প্রকল্পের জন্য প্রথম কিস্তি বাবদ কেন্দ্রীয় অংশ হিসাবে ৪২ কোটি ৩৯ লক্ষ ৯৪ হাজার টাকা অনুমোদন করেছে। রাজ্যের অংশ হিসাবে রাজ্য থেকে ৪ কোটি ২৪ লক্ষ টাকা দেওয়া হবে। তিনি জানান, সতেরোমিয়া হাউর এলাকায় ১১৫ দশমিক ৮৩ একর জমিতে এই ইন্টিগ্রেটেড একুয়া পার্ক গড়ে তোলা হবে। যেখানে বিভিন্ন ধরনের মাছ চাষ করা হবে। মাছের পোনা উৎপন্ন করা হবে, মাছের রেনু সংগ্রহ করা হবে, মাছের রোগ নির্ণয়ে ল্যাব করা হবে। হাউরের

মাঝখানে জলাশয়ে একটি আধুনিক রেপ্লুরেন্ট করা হবে। মৎস্য চাষী ও মৎস্য বিষয়ে পড়াশুনায় ছাত্রছাত্রীদের জন্য এখানে হোস্টেলের ব্যবস্থা থাকবে। তিনি বলেন, এর মাধ্যমে প্রচুর কর্মসংস্থানের সুযোগ হবে। সাংবাদিক সম্মেলনে মৎস্য দপ্তরের প্রধান সচিব ও অধিকর্তা উপস্থিত ছিলেন।

Ethanol100 :

পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রী, হরদীপ সিং পুরি গতকাল নতুন দিল্লিতে একটি বিকল্প স্বয়ংক্রিয় জ্বালানী ইথানল 100 চালু করেছেন। শ্রী পুরী বলেন যে ইথানল 100 এর মতো সবুজ জ্বালানীর উপর এন ডি এ সরকার বিশেষ জোর দিয়েছে। ইথানল 100 দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। Ethanol100 জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমিত করতে এবং বায়ুর গুণমান উন্নত করতে সাহায্য করবে।

Sri Sri Haribhakti .

শ্রী কৃষ্ণ চৈতন্য মহাপ্রভুর আবির্ভাব তিথি দোল পূর্ণিমা উপলক্ষে অন্যান্য বছরের মতো এবারও আগরতলার সেন্ট্রাল রোড শিববাড়ি প্রাঙ্গনে শ্রী শ্রী হরিভক্তি প্রচারিনী সভার উদ্যোগে ধর্মীয় আলোচনা সভা, রক্তদান উতসব বর্নাত্য শোভাযাত্রার আয়োজন করা হয়েছে । ১২ দিন ব্যাপি অনুষ্ঠানের আজ সন্ধ্যায় উদ্বোধন করা হবে বলে সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে ।

Weather:

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ অংশত মেঘলা থাকবে। বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারিধরনের বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০.৬ ডিগ্রি সেলসিয়াস।
